# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ১২ জুন ২০১৬, ২৯ জ্যৈষ্ঠ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। গুপ্তহত্যা বন্ধে যা করতে হয় করব : প্রধানমন্ত্রী
২। প্রধান বিচারপতির আয়োজনে ইফতারে অংশ নিয়েছেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস পালিত
৪। কৃষকদেরও কর  দিতে হবে : অর্থমন্ত্রী
৫। সিম নিবন্ধনে যুক্তদের তথ্য দিতে সরকারের নির্দেশনা
৬। সারাদেশে ৩৭ জঙ্গিসহ ৩১৯২ জন গ্রেফতার : পুলিশের সাঁড়াশি অভিযান
৭। চট্টগ্রামে পুলিশ সুপারের স্ত্রী হত্যায় মূল খুনি সন্দেহে যুবক গ্রেফতার
৮। সমুদ্রবন্দরগুলোতে ৩ নম্বর সতর্কতা সংকেত : ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে
৯। রংপুরে পুরোহিত অপহরণের পর ২৪ ঘন্টার মধ্যে উদ্ধার, গ্রেফতার ১
১০। আজ বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবস

চলমান পাতা-২

১। **গুপ্তহত্যা বন্ধে যা করতে হয় করব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন গুপ্তহত্যা বন্ধে যা যা করতে হয় তাই করব। সন্ত্রাসীদের জন্য যেন কারো প্রাণ না কাঁদে। বিএনপি'র প্রকাশ্যে মানুষ হত্যা বন্ধ করতে পেরেছি। গুপ্তহত্যাও বন্ধ করতে পারব। এটা সময়ের ব্যাপার। গুপ্তহত্যাকারীদের খুঁজে খুঁজে বের করা হবে। সেই সঙ্গে দেশবাসীকেও খুনি ঘাতক চক্রের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য আহ্বান জানান তিনি। গণভবনে গতকাল **১১** জুন শনিবার আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদের বৈঠকের সূচনা বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১) **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)। **অবজারভার, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **প্রধান বিচারপতির আয়োজনে ইফতারে অংশ নিয়েছেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী**

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার আয়োজনে ইফতারে অংশ নিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল **১১** জুন শনিবার সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। রাষ্ট্রপতি অনুষ্ঠানস্থলে পৌঁছালে প্রধানমন্ত্রী, প্রধান বিচারপতি ও আইনমন্ত্রী আনিসুল হক তাকে স্বাগত জানান। অনুষ্ঠানে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী অতিথিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। ইফতারের আগে দেশ ও জাতির শান্তি-সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**সমকাল, জনকণ্ঠ, ইনকিলাব, প্রথম আলো, অবজারভার**সহ অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস পালিত**

নানা কর্মসূচির মধ্যে দিয়ে গতকাল **১১** জুন শনিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস পালিত হয়েছে। ২০০৮ সালের এই দিনে দীর্ঘ প্রায় **১১** মাস কারাভোগের পর সংসদ ভবন চত্বরে স্থাপিত বিশেষ কারাগার থেকে মুক্তি পান শেখ হাসিনা। দিনটি উপলক্ষে সকালে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের কেন্দ্রীয় নেতারা প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফুলের শুভেচ্ছা জানিয়েছেন। পরে ধানমণ্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান নেতারা। সূত্র-**সমকাল (পৃ.২,ক.৮), জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৩),

**ফিনানশিয়াল এক্সপ্রেস, যায়যায়দিন** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৪। **কৃষকদেরও কর দিতে হবে : অর্থমন্ত্রী**

কৃষকরা কর অব্যাহতি পেয়ে এলেও তা আর বেশি দিন চলবে না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। দুই বছর পর থেকেই তাদের কাছ থেকে আয়কর আদায়ের পরিকল্পনা রয়েছে। গতকাল **১১** জুন শনিবার ২০১৬-**১৭** অর্থবছরের বাজেট নিয়ে এক আলোচনা সভায় অর্থমন্ত্রী বলেন, এখন সময় হয়েছে আমাদের কৃষকদেরও ট্যাক্স দিতে হবে। কারণ এলাকায় উৎপাদন এতো বেড়েছে যে তাদের ওপর করারোপ করা যায়। যদিও এখন পর্যন্ত তারা কর অব্যাহতি পায়। তবে তাদের আয়ের ওপর করারোপ করতে হবে, পুরো উৎপাদনের ওপর নয়। বর্তমানে চাকুরিজীবী ও ব্যবসায়ীসহ অন্যান্য পেশাজীবীদের বছরে ২ লাখ ৫০ হাজার টাকার বেশি আয়ের পর থেকে কর দিতে হয়। রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট সম্মেলন কক্ষে 'জাতীয় বাজেট ২০১৬-১৭ পরবর্তী পর্যালোচনা : প্রেক্ষিত বাংলাদেশ' শিরোনামে এই আলোচনা সভা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৯,ক.২)।

৫। **সিম নিবন্ধনে যুক্তদের তথ্য দিতে সরকারের নির্দেশনা**

খুচরা সিম বিক্রেতা ও বায়োমেট্রিক পদ্ধতিতে সিম যাচাইয়ের সঙ্গে যুক্তদের সম্পর্কে তথ্য দিতে মোবাইল ফোন অপারেটরদের নির্দেশনা দিয়েছে সরকার। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের কর্মকর্তারা বলেছেন, সিম পুনর্নিবন্ধনের পর রাজধানী থেকে প্রিঅ্যাকটিভেট সিম আটকের পর সরকার তাৎক্ষণিকভাবে এই সিদ্ধান্ত নিয়েছে। তারা জানান, ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম আগামী **১৫** দিনের মধ্যে বাংলাদেশ

টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশনের কাছে (বিটিআরসি) খুচরা বিক্রেতা ও সিম নিবন্ধনে তৃতীয় পক্ষের বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য জমা দিতে কর্মকর্তাদের প্রতি নির্দেশ দিয়েছেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.১,ক.১) **যুগান্তর** (পৃ.২,ক.১), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১৭,ক.১)।



**৬। সারাদেশে ৩৭ জঙ্গিসহ ৩১৯২ জন গ্রেফতার : পুলিশের সাঁড়াশি অভিযান**

জঙ্গি দমনে দেশব্যাপী পুলিশের সাঁড়াশি অভিযানে গত ২৪ ঘন্টায় সারা দেশে ৩৭ জঙ্গিসহ তিন হাজার ১৯২ জন গ্রেফতার হয়েছে। পুলিশ সদর দফতর থেকে এ তথ্য জানা যায়। যাদের মধ্যে জামায়াত-শিবিরের কর্মীসহ বিভিন্ন মামলার পলাতক আসামিরাও রয়েছেন। গত ১০ জুন শুক্রবার ভোর থেকে শুরু হওয়া এই অভিযান আগামী সাত দিন চলবে। সূত্র-**ইত্তেফাক (পৃ.১,ক.২), সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **প্রথম আলো, ভোরের কাগজ, ডেইলি সান, নিউজ টুডে, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। চট্টগ্রামে পুলিশ সুপারের স্ত্রী হত্যায় মূল খুনি সন্দেহে যুবক গ্রেফতার**

চট্টগ্রামে পুলিশ সুপারের স্ত্রী মাহমুদা আক্তার মিতু হত্যায় জড়িত সন্দেহে আরো একজনকে গ্রেফতার করেছে পুলিশ। তার নাম মো. শাহজামান রবিন (২৮)। গতকাল ১১ জুন শনিবার নগরীর বায়েজিদ থানার শীতল ঝর্ণা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। হত্যায় রবিন সরাসরি অংশগ্রহণকারী তিন দুর্বৃত্তের একজন হতে পারে বলে পুলিশের ধারণা। সূত্র-**ইত্তেফাক (পৃ.১,ক.২), সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। সমুদ্রবন্দরগুলোতে ৩ নম্বর সতর্কতা সংকেত : ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে**

চট্টগ্রামসহ দেশের সমুদ্রবন্দরগুলোতে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। সাগরে গভীর সঞ্চালনশীল মেঘমালার কারণে সতর্ক সংকেত জারি করেছে আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, চট্টগ্রামসহ উপকূলীয় এলাকায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। পতেঙ্গা আবহাওয়া অফিসের কর্মকর্তা মেঘনাদ তঞ্চইঙ্গা জানান, উপকূলীয় ও এর আশপাশের এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্টগ্রামসহ দেশের অধিকাংশ এলাকায় মাঝারি থেকে ভারি বর্ষণ হতে পারে। সাগরের সব মাছ ধরার ট্রলার ও নৌকাকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.৩,ক.১)।

**৯। রংপুরে পুরোহিত অপহরণের পর ২৪ ঘন্টার মধ্যে উদ্ধার, গ্রেফতার ১**

রংপুরের পীরগঞ্জ থেকে উত্তম কুমার মোহন্ত (৫০) নামে এক পুরোহিত অপহরণের শিকার হয়েছেন। তাকে উদ্ধারে অভিযান চালিয়ে ২৪ ঘন্টার মধ্যেই সফল হয়েছে পুলিশ। গতকাল ১১ জুন শনিবার সকালে লালমনিরহাট জেলা সদর উপজেলার মোগলহাট ইউনিয়নের কর্ণপুর গ্রামের একটি বাড়ি থেকে তাকে উদ্ধার করা হয়। এ সময় ঐ বাড়ির মালিক আনোয়ার হোসেনকে গ্রেফতার করা হয়। রংপুর পুলিশ সুপার জানান, গ্রেফতারকৃত আনোয়ারকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। সূত্র-**জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**১০। আজ বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবস**

আজ ১২ জুন বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবস। শিশু অধিকার সুরক্ষা ও ঝুঁকিপূর্ণ শিশু শ্রম নিরসনের লক্ষ্যে আন্তর্জাতিক শিশু শ্রম সংস্থা (আইএলও) ২০০২ সাল থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহণের মাধ্যমে প্রতিবছর দিবসটি পালন করে। এ বছর দিবসের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে ‘উৎপাদন থেকে পণ্য ভোগ, শিশু শ্রম বন্ধ হোক’। এই প্রতিপাদ্য নিয়ে বাংলাদেশসহ বিশ্বের ৮০টি দেশ দিবসটি পালন করছে। সূত্র-**ইত্তেফাক (পৃ.৩,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬ ), ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সংবাদ, সমকাল, ইনকিলাব, ডেইলি স্টার :** জঙ্গি ও সন্ত্রাসীদের বিরুদ্ধে পুলিশের সাঁড়াশি অভিযানের প্রথম ২৪ ঘন্টায় তিন হাজারের বেশি আটক হওয়ার কথা উল্লেখ করে অভিযানকে সফল করতে নির্দিষ্ট তথ্য-প্রমাণের ভিত্তিতেই কাউকে গ্রেপ্তার করার আহ্বান।

খ. **ইত্তেফাক :** পঞ্চম শ্রেণির প্রাথমিক সমাপনী পরীক্ষা (পিইসি) ২০১৭ সাল থেকে তুলে দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে যারা পঞ্চম শ্রেণিতে ইতোমধ্যে সমাপনী পরীক্ষা দিয়েছে তাদের যাতে পুনরায় অষ্টম শ্রেণিতে সমাপনী পরীক্ষা দিতে না হয় সে ব্যাপারে অভিভাবকদের দাবি ন্যায্য বলে সংশ্লিষ্টদের তা পুনর্বিবেচনার সুপারিশ।



গ. **জনকণ্ঠ :** রাজধানীতে যানজটের কারণে এক কোটি ৬০ লাখ মানুষের দৈনিক দুই কোটি ৪০ লাখ কর্মঘন্টা নষ্ট হওয়ায় দিনে প্রায় ৩০০ কোটি টাকার আর্থিক ক্ষতি হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে যানজট নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার স্বপ্ন সফল করতে প্রাথমিক স্তর হতেই শিক্ষার্থীদের বিজ্ঞান শিক্ষায় শিক্ষিত করার আহ্বান।

ঙ. **যায়যায়দিন :** ঈদের আগেই পোশাক কারখানার শ্রমিকদের বেতন-বোনাস পরিশোধে কারখানা মালিকদের প্রতি আহ্বান।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ এজ, নিউ নেশন :** খাদ্যে ভেজাল প্রতিরোধ করে নিরাপদ খাদ্য নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** ঢাকা উত্তর সিটি করপোরেশন রাজধানীকে সবুজ করে তোলার যে প্রকল্প হাতে নিয়েছে তা যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা।

জ. **ডেইলি সান :** বাংলাদেশে রেলওয়ের যাত্রীসেবার মান বাড়ানোর সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশ ও সৌদি আরবের দুটি ভিন্ন রাজনৈতিক অবস্থার মধ্যে সম্পর্ক ও মৈত্রী রক্ষার ক্ষেত্রে যে অসুবিধাগুলো আছে তা মেনে নিয়ে দু'দেশের মধ্যে ভ্রাতৃপ্রতিম সম্পর্ক গড়ে তুলতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'পরিবেশবান্ধব ইট ও নির্মাণশিল্প'** শিরোনামের নিবন্ধে এম ফাওজুল কবির খান উন্নত ও কম দূষণকারী প্রযুক্তিতে ইট নির্মাণ প্রসারের জন্য বিভিন্ন দেশের মতো আমাদের দেশেও নানা পদক্ষেপ নিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

**#**

ফারহানা/শুকলা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা